

এই-যে কালো মাটির বাসা শ্যামল সুখের ধরা -  
এইখানেতে আঁধার-আলোয় স্বপন-মাঝে চরা ॥  
এরই গোপন হৃদয়-'পরে ব্যথার স্বর্গ বিরাজ করে  
দুঃখে-আলো-করা ॥  
বিরহী তোর সেইখানে যে একলা বসে থাকে -  
হৃদয় তাহার ক্ষণে ক্ষণে নামটি তোমার ডাকে ।  
দুঃখে যখন মিলন হবে আনন্দলোক মিলবে তবে  
সুধায়-সুধায়-ভরা ॥

---

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Chhayanaat-Kedara  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail